



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রংপুর সরকারি কলেজ, রংপুর।



Tel & Fax 02588809093, E-mail: rangpurcollege1984@gmail.com, website address: rgc.gov.bd
College Code: (NU: 3207, DEB: 5300), EIIN NO : 127484

নং-

তারিখঃ ০৯ আগস্ট ২০২৩ খ্রি.

একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি
সেশন ২০২৩-২০২৪

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ০৬ আগস্ট ২০২৩ খ্রি. তারিখ-এ প্রকাশিত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা-২০২৩ ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর স্মারক নং-মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০২৩/১০০৬(১০); তারিখ ০৭/০৮/২০২৩ মোতাবেক এ কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

১। ২০২১, ২০২২ ও ২০২৩ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১, ২০২২ ও ২০২৩ সালে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য বিবেচিত হবে।

২। বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১-ভর্তির নীতিমালা-২০২৩) এর অধীনে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে;

৩। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতাঃ

ক) বিজ্ঞান গ্রুপ: এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা বিজ্ঞান গ্রুপ হতে জিপিএ ৫.০০ পেয়েছে তারাই বিজ্ঞান গ্রুপে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ) মানবিক গ্রুপ: এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা মানবিক গ্রুপ হতে ন্যূনতম জিপিএ ৪.০০ পেয়েছে তারাই মানবিক গ্রুপে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ: এসএসসি বা সমমানের পরীক্ষায় যারা ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে ন্যূনতম জিপিএ ৪.০০ পেয়েছে তারাই ব্যবসায় শিক্ষা গ্রুপে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ঘ) গ্রুপ পরিবর্তনের মাধ্যমে আবেদনঃ

গ্রুপ পরিবর্তনের ক্ষেত্রে: বিজ্ঞান গ্রুপ থেকে মানবিক/ব্যবসায় শিক্ষার জন্য জিপিএ ৪.৫০ এবং মানবিক থেকে ব্যবসায় শিক্ষা অথবা ব্যবসায় শিক্ষা থেকে মানবিক গ্রুপের জন্য জিপিএ ৪.০০ পাওয়া শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

৪। ভর্তির আসন সংখ্যাঃ

কলেজের নাম	কলেজ কোড	EIIN	আসন সংখ্যা			সর্বমোট আসন সংখ্যা	ভার্সন
			বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা	মানবিক		
রংপুর সরকারি কলেজ, রংপুর	৫৩০০	১২৭৪৮৪	৭০০	৩০০	৩৫০	১৩৫০ টি	বাংলা

৫। আবেদনের সময়সীমাঃ অনলাইনে ১০/০৮/২০২৩ হতে ২০/০৮/২০২৩ পর্যন্ত।

৬। আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা জমা দেয়ার পর আবেদনকারী সর্বনিম্ন ৫(পাঁচ)টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। নির্ধারিত ওয়েবসাইট (<http://www.xiclassadmission.gov.bd>) এ প্রবেশ করে ভর্তির প্রাথমিক আবেদন আগামী ১০/০৮/২০২৩ হতে ২০/০৮/২০২৩ এর মধ্যে অনলাইনে সম্পন্ন করতে হবে। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য কলেজের ওয়েব সাইট (www.rgc.gov.bd)-এর নোটিশ বোর্ড ও ফেসবুক পেজ (www.facebook.com/rangpurgovtcollege)-এ পাওয়া যাবে।


শিক্ষার্থীরা শুধুমাত্র অনলাইন পদ্ধতিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৭। ফলাফল প্রকাশের তারিখ: ১ম পর্যায়-০৫/০৯/২০২৩; ২য় পর্যায়- ১৬/০৯/২০২৩; ৩য় পর্যায়- ২৩/০৯/২০২৩

৮। প্রতিষ্ঠানে ভর্তি: ২৬/০৯/২০২৩ (মঙ্গলবার) থেকে ০৫/১০/২০২৩ (বৃহস্পতিবার) পর্যন্ত।


৯। ক্লাস শুরু: ০৮/১০/২০২৩ খ্রি.(রবিবার)।

প্রতিস্বাক্ষর


(প্রফেসর মো. মোশারফ হোসেন-০৪২৫)
অধ্যক্ষ

রংপুর সরকারি কলেজ, রংপুর

প্রফেসর মোঃ মোশারফ হোসেন
আইডি নং-০০০০৫৪২৫
অধ্যক্ষ
রংপুর সরকারি কলেজ, রংপুর


(মো. শাহাদত হোসেন মোন্ডল)

আহ্বায়ক

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি ভর্তি কমিটি

রংপুর সরকারি কলেজ, রংপুর

Md. Shahadat Hossain Mondol (09271)
Associate Professor & Head of the Dept.
Dept. of Accounting
18th BCS (Gen. Education)
Rangpur Govt. College, Rangpur